Mahmud Hasan Khan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৬/৮৫

০৯ এপ্রিল, ২০২৬

# সম্মানিত সকল সদস্যদের জন্য

**বিষয়ঃ প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কীম পুনরায় চালুকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ বিআরপিডি সার্কুলার নংঃ ১২ তারিখঃ ০৯/০৪/২০২৬।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ

আসসালামু আলাইকুম,

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্ষদের আন্তরিক প্রচেষ্টার ফলে বাংলাদেশ ব্যাংক প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কীম পুনরায় চালু করে সূত্রোক্ত সার্কুলার জারী করেছে।

উক্ত স্কীম পুনরায় চালুর ফলে রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের উদ্যোক্তারা এই সংকটকালীন সময়ে তাদের ওয়ার্কিং ক্যাপিটাল এর ক্ষেত্রে তারল্য সংকট দূর করে দৈনন্দিন ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করতে সক্ষম হবে বলে আমাদের বিশ্বাস কারন সুদের হার মাত্র ৫%।

এই সার্কুলারের বিপরীতে প্রদত্ত সুবিধা গ্রহণ করার জন্য আপনাদের স্ব স্ব লিয়েন ব্যাংকের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এ'বিষয়ে কোন লিয়েন ব্যাংক সহযোগিতা না করলে বিজিএমইএ এর কর্মকর্তা জনাব মোঃ কাওছার আলী, উপ সচিব (মোবাইলঃ ০১৮৬৪-৩২২১২৬) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

**মাহমুদ হাসান খান**
**সভাপতি**

Shahinur-customs

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
· বাংলাদেশে তৈরি ·
BGMEA Complex, House 7/7A, Block H-1, Sector 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 E-mail: info@bgmea.com.bd Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level-4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) Fax: +880-2333379127 E-mail: info@bgmeactg.org

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১**

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১২

০৯ এপ্রিল ২০২৬
তারিখ: ------------------
২৬ ফাল্গুন ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখ: ১৮ মে ২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩ তারিখ: ১৩ আগস্ট ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-০৮ এর নির্দেশনা মোতাবেক প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় গঠিত স্কিমের মেয়াদ ১৩ এপ্রিল ২০২০ তারিখ হতে ০৫(পাঁচ) বছর নির্ধারণ করা হয় যা ১২ এপ্রিল ২০২৫ তারিখে শেষ হয়েছে। মধ্যপ্রাচ্য ও ইউরোপে চলমান যুদ্ধসহ বিভিন্ন কারণে সৃষ্ট বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষাপটে তৈরী পোশাক খাতসহ রপ্তানিমুখী খাতসমূহের বিদ্যমান সংকট হতে উত্তরণ, রপ্তানি প্রবৃদ্ধি বজায় রাখা এবং উৎপাদন অব্যাহত রেখে দেশে বৈদেশিক মুদ্রার প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন তহবিলের মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়। এক্ষণে বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখ: ০১ জানুয়ারি ২০২৩ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে গঠিত ৳১০,০০০ (দশ হাজার) কোটি'র রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (Export Facilitation Pre-finance Fund (EFPF)) হতে সর্বোচ্চ ৳৫,০০০ (পাঁচ হাজার) কোটি প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতের জন্য বরাদ্দপূর্বক FCFS (First-Come-First-Serve) ভিত্তিতে উক্ত তহবিল হতে পুনঃঅর্থায়ন করা হবে।

৩। আলোচ্য স্কিমের কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে সূত্রোক্ত সার্কুলারের কতিপয় অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো:

**অনুচ্ছেদ নং-৬। অংশগ্রহণকারী ব্যাংক:** বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক এ পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবে। পুনঃঅর্থায়ন গ্রহণে আগ্রহী ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ এর সাথে নতুনভাবে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে;

**অনুচ্ছেদ নং-৭। তহবিল ব্যবস্থাপনা:** এ তহবিলের সামগ্রিক তদারকি, পরিচালনা ও ব্যবস্থাপনা কার্যক্রম ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় কর্তৃক সম্পাদিত হবে। আলোচ্য তহবিল কার্যকরভাবে পরিচালনা ও ব্যবস্থাপনার লক্ষ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে;

**অনুচ্ছেদ নং-৮। তহবিলের মেয়াদ:** এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন স্কিমের মেয়াদ হবে **৩১** ডিসেম্বর ২০৩০ পর্যন্ত। উল্লিখিত সময়ের মধ্যে তহবিলটি আবর্তনযোগ্য (Revolving)।

**অনুচ্ছেদ নং-১৪।** (ক) সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের বিপরীতে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ এর নির্ধারিত ছকে প্রি-শিপমেন্ট ক্রেডিট বিতরণের পরবর্তী সপ্তাহের মধ্যে পরিচালক (বিআরপিডি), ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় বরাবর পুনঃঅর্থায়নের জন্য আবেদন করতে হবে। তবে কোনো কারণে প্রি-শিপমেন্ট ক্রেডিট বিতরণের পরবর্তী সপ্তাহের মধ্যে পুনঃঅর্থায়নের আবেদন দাখিলে ব্যর্থ হলে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক তৎপরবর্তী আরও ১৫(পনেরো) দিনের মধ্যে আবেদন দাখিল করা যাবে;

(খ) vii. ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ কর্তৃক নির্ধারিত ছক (যদি থাকে) অনুযায়ী প্রয়োজনীয় অন্যান্য তথ্য।

(পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে)

**অনুচ্ছেদ নং-১৬।** অংশগ্রহণকারী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা তাঁর মনোনীত কর্মকর্তার স্বাক্ষরে ত্রৈমাসিক ভিত্তিতে ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট ত্রৈমাসিক অন্তে পরবর্তী ১৫(পনেরো) দিন তথা মার্চ, জুন, সেপ্টেম্বর এবং ডিসেম্বর ভিত্তিক প্রতিবেদন যথাক্রমে এপ্রিল, জুলাই, অক্টোবর এবং জানুয়ারি মাসের ১৫ তারিখের মধ্যে পরিচালক (বিআরপিডি), ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩, বাংলাদেশ ব্যাংক বরাবর দাখিল করতে হবে।

**অনুচ্ছেদ নং-১৯।** পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে আগ্রহী ব্যাংক-কে অংশগ্রহণ চুক্তিপত্রসহ সার্কুলারে বর্ণিত বিভিন্ন নির্দেশনা কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় ক্ষেত্রে বিবরণী/ফরম্যাট ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ কর্তৃক সরবরাহ করা হবে।

৪। এছাড়াও, তৈরী পোশাক খাতসহ রপ্তানিমুখী খাতের যোগ্য সকল প্রতিষ্ঠানসমূহের তহবিলের আওতায় সুবিধা প্রাপ্তি নিশ্চিতকল্পে কোনো একক প্রতিষ্ঠান বা গ্রুপের অনুকূলে এ তহবিলের আওতায় বিতরণকৃত মূল ঋণের স্থিতি কোনো একটি নির্দিষ্ট সময়ে (at a single point of time) ৳২০০ (দুইশত) কোটি অতিক্রম করা যাবে না। গ্রুপ নির্ধারণের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখঃ ১৬ জানুয়ারি ২০২২ এ প্রদত্ত সংজ্ঞা প্রযোজ্য হবে।

৫। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২২ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২